# অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর মাসিক প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

মাসের নামঃ নভেম্বর/২০২০

| বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগ সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ (১+২+৩+৪) | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃত × ১০০/(মোট নিষ্পত্তিযোগ্য অভিযোগ)) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ওয়েব সাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| - | ০৬ | - | ৩১ | ৩৭ | - | ১১ | ৮ | ১৮ | ৩৭.৯৩% |

**নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণঃ**

**বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ**

০১। গত ১৬/০৬/২০২০ খ্রি: তারিখে ঢাকা দুগ্ধ কারখানার অর্থ ও হিসাব শাখার ভোল্ট ভেঙ্গে ১,৪০,৩৩৫.০০/- (এক লক্ষ চল্লিশ হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকা চুরি হওয়ায় জনাব মোঃ শফিকুল আলম, কর্মকর্তা নং-২৬৯, ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিরাপত্তা, ঢাকা দুগ্ধ কারখানাকে সতর্কীকরণ করা হয়।

০২। জনাব ড. খন্দকার মোঃ আমিনুল ইসলাম, কর্মকর্তা নং-৫০, প্রাক্তন অতিরিক্ত মহাব্যবস্থাপক (মাননিয়ন্ত্রণ-অ:দা:), ডিডিপি বর্তমানে অতিরিক্ত মহাব্যবস্থাপক (টেকনিক্যাল ও উৎপাদন-অঃদাঃ), ঢাকা দুগ্ধ কারখানা এর বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীর জবাব এবং ব্যক্তিগত শুনানি সন্তোষজনক হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করা হয়।

০৩। জনাব মোঃ আলমগীর হোসেন, এমপ্লয়ী গ্রেড-১, কর্মচারী নং-৭৭৯, বিপণন বিভাগ, ঢাকা দুগ্ধ কারখানাকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারনে ব্যাখ্যা চাওয়া হয়, ব্যাখ্যার জবাব নমনীয় দৃষ্টিভঙ্গিতে বিবেচনা করে সতর্কীকরণ করা হয়।

০৪। জনাব ড. খন্দকার মোঃ আমিনুল ইসলাম, কর্মকর্তা নং-৫০, প্রাক্তন অতিরিক্ত মহাব্যবস্থাপক (মাননিয়ন্ত্রণ-অ:দা:), ডিডিপি বর্তমানে অতিরিক্ত মহাব্যবস্থাপক (টেকনিক্যাল ও উৎপাদন-অঃদাঃ). ঢাকা দুগ্ধ কারখানা এর বিভাগীয় মামলার অভিযোগ বিবরণীর জবাব এবং ব্যক্তিগত শুনানি সন্তোষজনক না হওয়ায় কঠোর সতর্কীকরণ করা হয়।

০৫। জনাব ড. খন্দকার মোঃ আমিনুল ইসলাম, কর্মকর্তা নং-৫০, প্রাক্তন অতিরিক্ত মহাব্যবস্থাপক (মাননিয়ন্ত্রণ-অ:দা:), ডিডিপি বর্তমানে অতিরিক্ত মহাব্যবস্থাপক (টেকনিক্যাল ও উৎপাদন-অঃদাঃ). ঢাকা দুগ্ধ কারখানা ও জনাব রেহেনা রহমান, কর্মকর্তা নং-১০৬, উপ-মহাব্যবস্থাপক (মাননিয়ন্ত্রণ) ঢাকা দুগ্ধ কারখানাকে বিভিন্ন কারখানা/দুগ্ধ শীতলীকরণ কেন্দ্র থেকে ঢাকা দুগ্ধ কারখানায় প্রেরিত তরল দুধ উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে মিল্ক ট্যাংকার হতে আনলোড করায় সতর্কীকরণ করা হয়।

০৬। জনাব মোঃ বশিরুল হক, গাড়ী চালক, কর্মচারী নং-৬০৭, পরিবহন বিভাগ, ঢাকা দুগ্ধ কারখানাকে মিল্ক ট্যাংকার দুর্ঘটনার জন্য তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের আলোকে ১৪,৬৫৮/- (চৌদ্দ হাজার ছয়শত আটান্ন) টাকা ক্ষতিপূরন হিসাবে জরিমানা করা হয়।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

০৭। জনাব মোঃ রুহুল আমিন, পিতা: মোঃ জবেদ আলী, মাতা: মৃত: হাবিয়া খাতুন, চিঠিপ্রাপ্ত (দৈনিক হাজিরা ভিত্তির্ক) পরিবহন বিভাগ, ঢাকা দুগ্ধ কারখানাকে মিল্ক ট্যাংকার দুর্ঘটনার জন্য তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের আলোকে ৭,৩৩০/- (সাত হাজার তিনশত ত্রিশ) টাকা ক্ষতিপূরণ হিসাবে জরিমানা করা হয়।

০৮। জনাব মোঃ গাজী ইব্রাহিম, কর্মকর্তা নং- ১১২, ব্যবস্থাপক (সাময়িক বরখাস্তকৃত), বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানাকে তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনের আলোকে ছুটিতে যাওয়ার সময় দায়িত্ব অর্পন না করে কর্মস্থল ত্যাগ সংক্রান্ত বিষয়ে নমনীয় মনোভাব পোষন করতঃ ভবিষ্যতের জন্য ১ম বারের মত কঠোরভাবে সতর্ক করা হয় এবং তার বিরুদ্ধে ভাঙ্গুরা দুগ্ধ কারখানার দায়িত্বপালন কালে অর্থিক শৃঙ্খলা ভঙ্গের দায়ে সাময়িক বরখাস্ত আদেশটি প্রত্যাহার করা হয়।

**আমার বাড়ি আমার খামার প্রকল্পঃ**

০৯। আমার বাড়ি আমার খামার প্রকল্পের যে সকল কর্মচারীর খেলাপী ঋণের হার ৪০% এর উপরে তাদের বেতনের ৫০% কর্তন করে পল্লী সঞ্চয় ব্যাংকে জমা রাখার নির্দেশনা উপজেলা সমন্বয়কারী সাঘাটা, গাইবান্ধা যথাযথভাবে প্রতিপালন না করায় প্রকল্পের সদর কার্যালয় হতে মৌখিকভাবে উপজেলা সমন্বয়কারী সাঘাটা, গাইবান্ধাকে সতর্ক করা হয়েছে।

১০। পটুয়াখালী সদর কার্যালয়ের কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারী ঋণের কিস্তি আদায়ের জমাকৃত ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা হারিয়ে ফেলায় কৈফিয়ত তলবসহ টাকা জমা দেওয়ার নির্দেশ দেয়া হয়। সে অনুযায়ী তিনি ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা প্রকল্প অফিসে জমা প্রদান করেছেন।

১১। জনাব মোঃ রিপন খান,মাঠ সহকারী, রূপসা, খুলনা কে ঋণ বিতরণ, সঞ্চয় আদায় ও ঋণের কিস্তি আদায় কাজে গাফিলতির কারণে কৈফিয়ত তলবসহ চুড়ান্তভাবে সতর্ক করা হয়েছে।

১২। **নভেম্বর/২০২০ পর্যন্ত সময়ে এ বিভাগের আওতাধীন সমবায় অধিদপ্তর এর ১৭টি, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর ১টি এবং বাংলাদেশ দুগ্ধ উৎপাদকারী সমবায় ইউনিয়ন লিমিটেড এর ০৮টি সর্বমোট ২৬টি অভিযোগ অনিষ্পন্ন রয়েছে।**

২২.১২.২০২০

(মো: কেরামত আলী)
উপসচিব